



অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.১৩৮; তারিখ: ০৩/০৬/২০১৯খ্রি. মোতাবেক মোঃ আল- মাহমুদ, এনটিআরসিএ রোল নং-৪১৩০৬২৭৫, আবেদনের বিষয়ে তদন্তপূর্বক মতামত/সুপারিশ প্রেরণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

অভিযোগ: এনটিআরসিএ কর্তৃক ২৪/০১/২০১৯খ্রি. প্রকাশিত ফলাফলের ভিত্তিতে আঠারবাড়ী ডিগ্রি কলেজ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এ প্রভাষক (রসায়ন) পদে মোঃ আল- মাহমুদ, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) পদে রাজীব সরকার, প্রভাষক (দর্শন) পদে মোঃ আনোয়ারুল ইসলাম মনোনীত হয়েছেন। কিন্তু সরকারিকরণের প্রক্রিয়াধীন হওয়ায় মাউশি অধিদপ্তরের ১৬ জুন, ২০১৫খ্রি. একটি অফিস আদেশের অজুহাতে কর্তৃপক্ষ তাকে নিয়োগপত্র প্রদান করেননি। জাতীয়করণের জন্য প্রক্রিয়াধীন কলেজগুলোতে এনটিআরসিএ কর্তৃক নির্বাচিত প্রার্থীদের নিয়োগ দেয়া এবং পরিদর্শন প্রতিবেদনে তাদের নাম অন্তর্ভুক্তির জন্য ২০ নভেম্বর ২০১৬খ্রি. তারিখে এনটিআরসিএ একটি পত্র জারি করেছে (অভিযোগের কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জরুরী ভিত্তিতে সরেজমিন তদন্ত করে ০২ (দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য জনাব আশেকুল হক, সহকারী পরিচালক (এইচআরএম) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এবং জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, সহকারী পরিচালক (কলেজ-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকাকে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ ডিএ পাবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

- ১। জনাব আশেকুল হক
সহকারী পরিচালক (এইচআরএম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন
সহকারী পরিচালক (কলেজ-২)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৪৪.২০১৯/২৭২৫/১৪

তারিখ: ০২/০৮/১৪২৬বঙ্গাব্দ
১৭/০৭/২০১৯খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
- ২। অধ্যক্ষ, আঠারবাড়ী ডিগ্রি কলেজ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ (তদন্ত কর্মকর্তাকে তদন্ত কাজে সহযোগিতার অনুরোধসহ)
- ৩। সংরক্ষণ নথি।

১৬.০৭.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email: ncollege@dshe.gov.bd